

নাচোলে ১০টি বিদ্যালয়ের বিজ্ঞান ভবন নির্মাণে কারচুপির অভিযোগ

চাঁপাইনবাবগঞ্জ, ১০ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।— প্রায় ৮০ লাখ টাকা ব্যয়ে নাচোল থানার ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞান ভবন নির্মাণে ব্যাপক কারচুপির অভিযোগ পাওয়া গেছে।

গত জুন মাসে ভবন নির্মাণ শেষ হবার পর থেকেই ৩ কক্ষবিশিষ্ট এসব বিজ্ঞান ভবনের দেয়াল, মেঝে ও ছাদে বড় আকারের ফাটল দেখা দিয়েছে। ছাদের বিভিন্ন স্থানে পানির ঝসে পড়ছে। জলছাদ অত্যন্ত নিম্নমানের বলে এখন থেকেই ছাদ চুইয়ে পানি পড়ছে অথবা ছাদের পানি গড়িয়ে দেয়াল রসে যাচ্ছে। এই স্কুলগুলোর মধ্যে ক'ম উচ্চ বালিকা বিদ্যালয় ও কানপাড়া কাজলা উচ্চ বিদ্যালয়ের অবস্থা সবচেয়ে খারাপ।

এসব স্কুলের প্রধান শিক্ষকগণ অভিযোগ করেছেন, বিজ্ঞান ভবনের নির্মাণকাজ চলাকালে তারা উপ-সহকারী প্রকৌশলীর নিকট কাজের সিডিউল ও ভবনের গ্র্যান দেবতে চেয়ে ব্যর্থ হয়েছেন। গত ১২ই আগস্ট শিক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন ও গবেষণা সেক্টর কর্মকর্তা মিসেস মুক্তা নাচোল সফরকালে নির্মিত বিজ্ঞান ভবনগুলোর ফাটল ও নিম্নমানের কাজ দেখে বিমিত হয়েছেন। তাই তিনি নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার, উপ-সহকারী ও সহকারী প্রকৌশলীদের নাম লিখে নিয়ে গেছেন। একই দিনে এই এলাকার সংসদ সদস্য ও ব্যাকশিস নাচোল থানার সভাপতি

ও সম্পাদক এসব ভবনের কাজ পরিদর্শন করেন।

নিম্নমানের কাজ করার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য 'ব্যাকশিস' নাচোল থানা সংশ্লিষ্ট দপ্তরে অভিযোগ করেছে। ইতিপূর্বে ফ্যাসিলিটিজ বিভাগের বিরুদ্ধে বহু অভিযোগ উত্থাপিত হয়েছে; কিন্তু দৃষ্টান্তমূলক কোন ব্যবস্থা না হওয়ায় কারচুপি অব্যাহত রয়েছে।